

রাবি ছাত্রলীগের চার নেতাকে বহিষ্কার

রাবি প্রতিনিধি

১৬ মে ২০২৪, ১২:০০ এএম



সংগঠনের শৃঙ্খলা ও মর্যাদা পরিপন্থি কার্যকলাপে লিপ্ত হওয়ার অভিযোগে রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাবি) শাখা ছাত্রলীগের চার নেতাকে বহিষ্কার করা হয়েছে। গত মঙ্গলবার (১৪ মে) বাংলাদেশ ছাত্রলীগ কেন্দ্রীয় নির্বাহী সংসদের দপ্তর সম্পাদক মেফতাহুল ইসলাম পাছ স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে বিষয়টি জানানো হয়। রাত সোয়া ১১টার দিকে ছাত্রলীগের অফিসিয়াল ফেসবুক পেজে পোস্ট করা হয় বিজ্ঞপ্তিটি।

বহিষ্কৃতরা হলেন- রাবি শাখা ছাত্রলীগের সহ-সভাপতি শাহিনুল সরকার ডন, যুগ্ম সাধারণ সম্পাদক নিয়াজ মোর্শেদ, যুগ্ম সাধারণ সম্পাদক

আশিকুর রহমান অপু ও সাংগঠনিক সম্পাদক কাবিরুজ্জামান রুহুল। তাদের বিরুদ্ধে কেন পরবর্তী সাংগঠনিক ব্যবস্থা গ্রহণ করা হবে না, তার লিখিত জবাব আগামী সাত দিনের মধ্যে বাংলাদেশ ছাত্রলীগের দপ্তর সেলে জমা দেওয়ার নির্দেশনা দেওয়া হয়েছে বিজ্ঞপ্তিতে।

এর আগে, গেস্টরুমে বসাকে কেন্দ্র করে গত শনিবার (১১ মে) রাত এগারোটা থেকে আড়াইটা পর্যন্ত রাজশাহী বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের দুই পক্ষের মধ্যে সংঘর্ষ, ককটেল বিস্ফোরণ ও ইটপাটকেল নিক্ষেপের ঘটনা ঘটে। এ সময় দফায় দফায় রামদা ও লাঠিসোটা হাতে একে অপরকে ধাওয়া দেয় দুপক্ষ। বিশ্ববিদ্যালয়ের হোসেন শহীদ সোহরাওয়ার্দী হল গেট ও মাদার বক্সিং হলের মধ্যবর্তী স্থানে দুই পক্ষ অবস্থান নিয়ে এ হামলা চালায়। তবে এতে কেউ আহত হওয়ার খবর পাওয়া যায়নি।

সংঘর্ষে জড়ানো ছাত্রলীগের দুটি পক্ষ হলো- বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সভাপতি মোস্তাফিজুর রহমান এবং শাখা ছাত্রলীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও হোসেন শহীদ সোহরাওয়ার্দী হলের সভাপতি নিয়াজ মোর্শেদ।

এর দুই দিন পরে এক নেতাকে 'হত্যার' হুমকি দেওয়ার অভিযোগে সোমবার (১৩ মে) রাতে নিয়াজ মোর্শেদের বিপরীত পক্ষের মধ্যে আবারও উত্তেজনা সৃষ্টি হয়। এ সময় তারা দেশি অস্ত্র নিয়ে মহড়া দেয়। পরে কর্তৃপক্ষ ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি শান্ত করে।